গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিরাই,সুনামগঞ্জ।
www.derai.sunamganj.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৬.৯০২৯.০০০.০৬.০০২.২২-৬৭

তারিখ ঃ ০৮ মাঘ ১৪৩০
২২ জানুয়ারি ২০২৪

## " নৌকাঘাট ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি নং-০১/১৪৩১ বাংলা "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিরাই উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত নৌকাঘাটসমূহ ১৪৩১ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০-শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্ন বর্ণিত শর্তে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে সিলমোহরকৃত মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.derai.sunamganj.gov.bd তে পাওয়া যাবে।

| ক্রমিক নং | নৌকাঘাটের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারি মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | শ্যামারচর বাজার ইঞ্জিন নৌকাঘাট | চরনারচর | ৬,২৭,০০০/-টাকা | ২০০০/-টাকা | |
| ০২ | বোয়ালিয়া বাজার ইঞ্জিন নৌকাঘাট | কুলঞ্জ | ৮৩৮০/- টাকা | ৫০০/- টাকা | |

### ইজারা সংক্রান্ত দিন পঞ্জিকা (ইজারা চূড়ান্ত না হওয়া পর্যন্ত কার্যক্রম চলবে)

| ইজারা ডাকের পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১১/০২/২০২৪ | ১২/০২/২০২৪ (দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত) | ধার্য তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র বিক্রয় করা হবে। |
| ২য় পর্যায় | ১৯/০২/২০২৪ | ২০/০২/২০২৪ (দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ১ম পর্যায়ে অবিক্রিত থাকলে দরপত্র ক্রয় করা যাবে |
| ৩য় পর্যায় | ২৯/০২/২০২৪ | ০৩/০৩/২০২৪ (দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত) | ২য় পর্যায়ে অবিক্রিত থাকলে দরপত্র ক্রয় করা যাবে |
| ৪র্থ পর্যায় | ১০/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ (দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত) | ৩য় পর্যায়ে অবিক্রিত থাকলে দরপত্র ক্রয় করা যাবে |
| ৫ম পর্যায় | ১৮/০৩/২০২৪ | ১৯/০৩/২০২৪ (দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত) | ৪র্থ পর্যায়ে অবিক্রিত থাকলে দরপত্র ক্রয় করা যাবে |

### "দরপত্র দাখিলের শর্তাবলী"

১। দরপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বরাবরে উদ্বৃত দরের ২৫% অর্থ যে কোন তফশিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে।

২। ১৪৩১ বাংলা সনের পহেলা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদকালের জন্য নৌকাঘাট ইজারা দেয়া হবে।

৩। দরপত্র দাখিলের তারিখে কোন সিডিউল বিক্রয় করা হবে না।

৪। নির্ধারিত তারিখে ১.০০ ঘটিকার মধ্যে সিলমোহরযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে। উক্ত দিবস বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫। একটি ফরমে একটিমাত্র নৌকাঘাটের জন্য দরপত্র দাখিল করা যাবে। খামের উপরে সংশ্লিষ্ট নৌকাঘাটের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। যে নৌকাঘাটের নামে দরপত্র ক্রয় করা হবে কেবল সেই নৌকাঘাটের জন্য দরপত্র দাখিল করা যাবে।

৬। যে তারিখের জন্য দরপত্র ক্রয় করা হবে কেবলমাত্র সেই তারিখেই দাখিল করতে হবে। পরবর্তী অন্য কোন তারিখের পূর্বের তারিখের জন্য ক্রয়কৃত দরপত্র দাখিল করলে তা গ্রহণযোগ্য হবেনা।

৭। একই নৌকাঘাটের জন্য দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে লটারির মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে।

৮। দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে যথাশীঘ্র দরদাতাকে জানানো হবে এবং দরদাতা অবহিত হওয়ার ৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট সমুদয় লিজমানি পরিশোধ করবেন।অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে দাখিলকৃত ব্যাংক ড্রাফট এর অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৯। অনুমোদিত দরদাতাকে গৃহীত মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর প্রদান করতে হবে। নতুবা ইজারাকৃত নৌকাঘাটের দখল প্রদান করা হবেনা।

১০। ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত নৌকাঘাট অন্যের নিকট সাবলিজ প্রদান করতে পারবে না।

১১। দরপত্র দাখিলের পর তা গৃহীত হলে সম্পূর্ন টাকা ও অন্যান্য করাদি পরিশোধের পর যথাযথভাবে ৩০০/-(তিনশত) টাকার ননজুডিশিয়াল স্টাম্পে চুক্তিপত্র সম্পাদনপূর্বক দখল বুঝিয়ে দেওয়া হবে। ইজারাদার নিজ দায়িত্বে নিজ ব্যয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে চুক্তিপত্র সম্পাদন করবেন। ইজারাদারের গাফিলতির কারণে দখল নিতে বিলম্ব হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২। জেলা কালেক্টরেট কর্তৃক অনুমোদিত হারে বিভিন্ন দ্রব্যের টোল আদায় করতে হবে এবং অনুমোদিত টোল চার্ট নৌকাঘাটের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে জনগণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক টাঙিয়ে রাখতে হবে। এর ব্যত্যয় ঘটলে ইজারাদারের জামানত বাজেয়াপ্তসহ প্রদত্ত ইজারা বাতিল করা হবে। টোল চার্ট অত্রাফিস কিংবা জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ থেকে সংগ্রহ করা যেতে পারে।

১৩। অসম্পূর্ণ/ অস্পষ্ট/ ত্রুটিপূর্ণ/ কাটাকাটি ও ফ্লুইডযুক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। নৌকাঘাটের বিস্তারিত তফসিল ও বিগত বছরের ইজারামূল্য ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

১৫। বছরের যে কোন সময় ইজারা দেওয়া হউক না কেন উক্ত ইজারা ১৪৩১ বাংলা সনের পহেলা বৈশাখ হতে প্রদান করা হয়েছে মর্মে গণ্য হবে।

১৬। চুক্তিপত্রে বর্ণিত শর্তাদি ছাড়াও সরকার কর্তৃক জারীকৃত নৌকাঘাট সংক্রান্ত বিধি মেনে চলতে হবে।

১৭। ইজারাদার নিয়মিতভাবে নৌকাঘাট পরিষ্কার রাখবেন এবং দুর্ঘটনা এড়ানোর জন্য মজবুত সিঁড়ি আকারে উঠানামার ঘাট তৈরি করবেন।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২২/০১/২০২৪

(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা নৌকাঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটি
দিরাই, সুনামগঞ্জ

স্মারক নং ঃ০৫.৪৬.৯০২৯.০০০.০৬.০০২.২২-৬৭(৬০) তারিখ ঃ ০৮ মাঘ ১৪৩০ / ২২ জানুয়ারি ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৬। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব/সার্বিক), সুনামগঞ্জ।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী অফিসার-----------------------------------------------(সকল), সুনামগঞ্জ।
১১। সহকারী কমিশনার (ভূমি)-----------------------------------------------(সকল), সুনামগঞ্জ।
১২। মেয়র, দিরাই পৌরসভা, সুনামগঞ্জ।
১৩। অফিসার-ইন-চার্জ, দিরাই থানা, সুনামগঞ্জ।
১৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দিরাই/ উপজেলা-------------------অফিসার, দিরাই এবং উপজেলা নৌকাঘাট ইজারা দরপত্র মূল্যায়ন কমিটি, দিরাই সুনামগঞ্জ। (তাকে দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্র যাচাই বাছাই কমিটির সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)।
১৫। সাবরেজিস্ট্রার, দিরাই, সুনামগঞ্জ।
১৬। চেয়ারম্যান ---------------- -------ইউপি (সকল), দিরাই, সুনামগঞ্জ। (তাকে গ্রাম পুলিশের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, দিরাই শাখা, সুনামগঞ্জ।
১৮। সম্পাদক, -----------------------------------------------, সুনামগঞ্জ। উক্ত বিজ্ঞপ্তিটি তার দৈনিক পত্রিকার ভিতরের পাতায় নির্ধারিত তারিখের ০৭ (সাত) দিন পূর্বে কেবলমাত্র ১ (এক) দিনের জন্য সংক্ষিপ্ত পরিসরে ভিতরের পাতায় প্রকাশ করার অনুরোধসহ)।
১৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, দিরাই, সুনামগঞ্জ।
২০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ---------------ইউনিয়ন ভূমি অফিস। (তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট বাজারে মাইকিং ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।
২১। জনাব-----------------------------------পিতা-------------------------------------সাং---------------উপজেলা-দিরাই, জেলা-সুনামগঞ্জ।
২২। সংশ্লিষ্ট নথি/ নোটিশ বোর্ড

22/01/2024

উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।